দৈনিক ইনকিলাব

তারিখ 09 MAR 1988
পৃষ্ঠা 5 কলাম 3

১৮৪

# শিক্ষাঙ্গন

## বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গ

ইতিমধ্যে শুরু হয়ে গেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ফরম বিতরণ। মাসখানেক পরেই অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। এইচএসসি পাস ছাত্ররাই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অপরদিকে সরকার ১৯৮৭ ইং সাল থেকে মাদ্রাসার আলিম শ্রেণীকে এইচএসসি-এর সমমান ঘোষণা করেছেন। আরবী বিষয় ছাড়া সকল বিষয়ই কলেজের সিলেবাসের সমান। কিন্তু দুঃখের বিষয় ১৯৮৭ সালে উত্তীর্ণ আলিম পাস ছাত্ররা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে না। ভর্তি বিজ্ঞপ্তিতে আলিমের কোন উল্লেখ নেই। অথচ তারা সমমান পাচ্ছেন এবং একই সিলেবাসের বই পড়ছেন। তাই মাদ্রাসা বোর্ড ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট মাদ্রাসার আলিম পাস ছাত্রদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ দেয়ার অনুরোধ জানাচ্ছি।

—মোঃ হুমায়ুন কবীর,
মাদ্রাসা-ই-আলিয়া ছাত্রাবাস,
বকশী বাজার, ঢাকা-১২১১।

## চরগোয়ালী মাধ্যমিক বিদ্যালয়ের সমস্যা

দাউদকান্দি উপজেলায় অবস্থিত চরগোয়ালী খন্দকার নাজির আহমদ মাধ্যমিক বিদ্যালয়টি দীর্ঘদিন যাবৎ বহু সমস্যায় জর্জরিত। প্রথমতঃ এখানকার বিজ্ঞানাগারে প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য ও যন্ত্রপাতির একান্ত অভাব। লাইব্রেরীতে কোন বই নেই। স্কুল বাউণ্ডারীর ভিতর বখাটে ছেলেরা যত্রতত্রভাবে ঘুরে বেড়ায়। বিদ্যালয়ের আশেপাশের রাস্তায় তারা স্কুলগামী ছাত্রীদের প্রতি কটূক্তি করে। প্রয়োজনীয় চেয়ার-টেবিলের অভাব লেগেই আছে। এমতাবস্থায় এ সমস্যাগুলো অনতিবিলম্বে দূর করার জন্য যথাযত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ রেজাউল করিম,
গ্রাম ঃ দুর্গাপুর, পোঃ চরগোয়ালী,
দাউদকান্দি, কুমিল্লা।